

কোস্টাল এসোসিয়েশন ফর সোশ্যাল ট্রান্সফরমেশন (কোস্ট) ফাউন্ডেশন জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প, ভোলা

জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (Citizens' Engagement in Public Institutions (CEPI) Project) প্রকল্প। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় এবং এফসিডিও এর আর্থিক সহায়তায় কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলায় (১৩টি ইউনিয়ন পরিষদ ও ১টি পৌরসভা) বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জনপ্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা। প্রকল্পের মূলভাব হচ্ছে বঞ্চিতজনের অধিকার রক্ষায় প্রকল্পের অন্তর্ভুক্ত জনপ্রতিষ্ঠানসমূহ শক্তিশালীকরণ।

সিইপিআই প্রকল্পের মূল উদ্দেশ্য :

- ক. জনসেবামূলক কাজে জনপ্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ, সিদ্ধান্ত গ্রহণ ও নিরীক্ষণের জন্য সুযোগ প্রদান করা।
- খ. দরিদ্র, প্রান্তিক ও সামাজিকভাবে বঞ্চিত জনগোষ্ঠীকে সক্ষম করে তোলা যাতে নিজেদের দাবী আদায়ে নিজেসই সচেতন হোন।

সিইপিআই প্রকল্প তার বাস্তবায়ন সময়কালে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের তিনটি সেক্টর যথাক্রমে সামাজিক নিরাপত্তা কর্মসূচি, কৃষি সেবা ও নিরাপদ সুপেয় পানীয়'র উপর কাজ করে যাচ্ছে। সামাজিকভাবে পিছিয়ে পরা জনগোষ্ঠীর কল্যাণে ও দক্ষ জনবল হিসাবে গড়ে তুলতে আয়বর্ধনমূলক কার্যক্রম (আইজিএ) ও বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সাধারণ নাগরিক কর্তব্য, অধিকার ও প্রাপ্যগুলো সম্পর্কে সচেতন হবে; ফলে কার্যকর দাবী জানানো এবং আদায় করার সুযোগ সৃষ্টি হবে। জনগণের বড় একটি অংশ তাদের নাগরিক অধিকার, রাষ্ট্রীয় সেবাসমূহ এবং প্রাপ্য সম্পর্কে সচেতন নন। এই বাস্তবতায় জনপ্রতিষ্ঠানসমূহ শক্তিশালীকরণ থিমটি সুশাসন এবং উন্নয়ন সম্পর্কিত নিম্নরূপ পরিবর্তন প্রত্যাশা করছে;

- ক. জনপ্রতিষ্ঠানসমূহ আরও স্বচ্ছ এবং জবাবদিহি হবে; জনগণ বিশেষ করে দরিদ্র ও প্রান্তিকজনের প্রয়োজনে আরও দায়িত্বশীল হবে।
- খ. দরিদ্র ও প্রান্তিক মানুষজন তাদের অধিকারের কথা বলতে সোচ্চার হবে এবং বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ নিশ্চিত হবে।
- গ. স্থানীয় পর্যায়ে সেবার সার্বিক চিত্র ও প্রকৃত উপকারভোগীদের দাবীসমূহ তুলে ধরার মাধ্যমে প্রতিবন্ধকতাসমূহ দূর করা।
- ঘ. সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে প্রকল্প কাজ করে যাচ্ছে এবং পাঁচটি লক্ষ্য (দারিদ্র বিমোচন, ক্ষুধা মুক্তি, লিঙ্গ সমতা, সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং টেকসই নগর ও সম্প্রদায় অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মসূচী নিম্নরূপ :

- ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ও জেলা নাগরিক ফোরামের ত্রৈমাসিক সভা।
- নাগরিক ফোরাম সদস্যদের সামাজিক পর্যবেক্ষণ (নিরীক্ষা), সেবা প্রক্রিয়া সহজীকরণ ও বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ।
- স্থানীয় সরকার প্রতিনিধিদের ইউনিয়ন পরিষদের আইন ও হিসাব ব্যবস্থাপনার উপর ২দিন ব্যাপী প্রশিক্ষণ।
- জনসেবামূলক কাজের উপর সামাজি পর্যবেক্ষণ (তিনটি সেক্টর; সামাজিক নিরাপত্তা, নিরাপদ পানি ও কৃষি) ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান, উপজেলা ও জেলা পর্যায়ে নাগরিক সংলাপ।
- ওয়ার্ড ভিত্তিক উপকারভোগীদের সাথে সচেতনতা সভা
- এ্যাসেসমেন্ট কমিটি ওরিয়েন্টেশন এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মদক্ষতা শীট মূল্যায়ন কার্যক্রম।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দ্বি-মাসিক উন্নয়ন সমন্বয় কমিটির সভা।
- জন অংশগ্রহণমূলক ওয়ার্ড উন্নয়ন পরিকল্পনা সভা (ওয়ার্ড সভা), অগ্রাধিকার ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা সভা ও উন্মুক্ত বাজেট সভা।
- ট্যাক্স মোবাইলিজেশন (ইউনিয়ন পরিষদকে কর প্রদানে জনগনকে উদ্বুদ্ধ করন)।
- সিটিজেন চার্টার মিটিং এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নাগরিক সনদ উন্নয়ন ও স্থাপন।
- ফেস্টুন (সরকারের হট লাইন সার্ভিস নম্বর) সংস্থাপন।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর বার্ষিক বাজেট ও উন্নয়ন পরিকল্পনা জনসম্মুখে স্থাপন (বিলবোর্ড তৈরী)।
- করোনা মহামারিতে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর মাঝে খাদ্য সহায়তা জীবন-জীবিকার উন্নয়নে আয়বর্ধনমূলক কর্মসূচি।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইট তথ্য সমৃদ্ধ ও আপডেট করা।
- হত-দরিদ্র মানুষের তালিকা সংগ্রহ ও ওয়েবসাইটে আপলোড করা।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সম্মানিত চেয়ারম্যান, মেয়র ও সচিবদের সাথে প্রকল্প কর্মীদের বার্ষিক সভা।